



ল্যাবরেটরী হাইস্কুলের বিজ্ঞান মেলায় আকর্ষণীয় দুটি প্রজেক্ট

-ইত্তেফাক

বসেছে ক্ষুদে বিজ্ঞানীদের মেলা

ইত্তেফাক রিপোর্ট । ২৫তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উপলক্ষে গতকাল (শুক্রবার) গভর্নমেন্ট ল্যাবরেটরী হাইস্কুলে ক্ষুদে বিজ্ঞানীদের মেলা বসেছে। আনন্দ-উৎসবমুখর পরিবেশে ৩ দিনব্যাপী এই মেলার উদ্বোধন করেন শিক্ষা প্রতিমন্ত্রী এহসানুল হক মিলন। শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক আব্দুর রশীদ, গভর্নমেন্ট ল্যাবরেটরী হাইস্কুলের (১৫শ পৃষ্ঠায় ২-এর কঃ দ্রঃ)

বসেছে ক্ষুদে বিজ্ঞানীদের মেলা (শেষ পৃষ্ঠার পর)

প্রধান শিক্ষক রশিদ উদ্দিন জাহিদ অনুষ্ঠানে বক্তৃতা করেন। বিজ্ঞান মেলায় গভর্নমেন্ট ল্যাবরেটরী হাইস্কুল, অস্মাণী স্কুল ও কলেজ, কামরুন্নেসা সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, মোহাম্মদপুর সরকারী বালক উচ্চ বিদ্যালয়, হযরত আয়েশা একাডেমী, লালমাটিয়া উচ্চ বালিকা বিদ্যালয়, শেরেবাংলা নগর সরকারী বালক উচ্চ বিদ্যালয়, সেন্ট য়োশেফ হাইস্কুল, ওয়াইডব্লিউসিএ উচ্চ বালিকা বিদ্যালয়, আজিমপুর গার্লস স্কুল এন্ড কলেজ, ধানমন্ডি সরকারী বালক উচ্চ বিদ্যালয়, মোহাম্মদপুর কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়, বিডিআর কলেজ ও ঢাকা ইমপেরিয়াল কলেজের সহস্রাধিক ছাত্র-ছাত্রী বিভিন্ন প্রজেক্ট উপস্থাপন করেছে। গতকাল শিক্ষা প্রতিমন্ত্রী মেলার উদ্বোধন শেষে বিভিন্ন কক্ষে ছাত্র-ছাত্রীদের প্রজেক্ট পরিদর্শন করেন। তিনি ক্ষুদে বিজ্ঞানীদের উদ্ভাবনী শক্তির ভূয়সী প্রশংসা করেন।